# বিসিএসআইআর গবেষণাগার চট্টগ্রাম এর বিজ্ঞানী কর্তৃক উদ্ভাবিত উল্লেখযোগ্য পণ্যসমূহ

## 01 হারবাল এন্টি-ডায়াবেটিক চা
## (Herbal Anti-diabetic Tea)

জারুল গাছের বিভিন্ন অংশ থেকে এন্টি-ডায়াবেটিক চা তৈরী করা হয়েছে। ইহা ডায়াবেটিস রোগ নিরাময়ে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে ব্যবহার করা হয়। হার্বাল এন্টি-ডায়াবেটিক চা ডায়াবিনো নামে বাজারে পাওয়া যায়।




## 02 অর্জুন ড্রিংক
## (Arjun Drink)

অর্জুন গাছের বাকল হতে অর্জুন ড্রিংক তৈরী করা হয়েছে। ইহা ঔষধি গাছের মধ্যে খুবই গুরুত্বপূর্ণ একটি উদ্ভিদ এবং আয়ুর্বেদিক মেডিসিনে বিশেষ করে হৃদরোগ চিকিৎসায় কার্ডিয়াক টনিক হিসেবে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। অর্জুনের বাকল হৃদপিন্ডের কার্যক্ষমতা বৃদ্ধি করে এবং রক্তচাপ ও কোলেস্টেরল নিয়ন্ত্রণে রাখে।




## 03 সাইট্রোনিলা তৈল
## (Citronella Oil)

*Cymbopogon winterianus* নামক সুগন্ধি উদ্ভিদের পাতা থেকে সাইট্রোনিলা অয়েল Hydro distillation পদ্ধতিতে আহরণ করা হয়েছে। ঔষধ ও প্রসাধনী শিল্পে এ সুগন্ধি তৈল ব্যবহৃত হয়। বিশেষ করে লন্ড্রিসোপ ও বিভিন্ন প্রকার ডিটারজেন্টে প্রচুর পরিমাণে ইহা ব্যবহার করা হয়।




## 04 লেমন গ্রাস তৈল
## (Lemon Grass Oil)

*Cymbopogon citratus* নামক সুগন্ধি উদ্ভিদের পাতা থেকে লেমন গ্রাস অয়েল Hydro distillation পদ্ধতিতে আহরণ করা হয়েছে। ঔষধি ও প্রসাধনী শিল্পে এটি সুগন্ধি তৈল হিসেবে ব্যবহৃত হয়। এই জন্য ইহাকে লেবু সুগন্ধি ঘাস বলা হয়ে থাকে।



## 05 হলুদ পাতার তৈল
## (Turmeric Leaf Oil)



পরিপক্ক হলুদের পাতা থেকে Hydro distillation এর মাধ্যমে সুগন্ধি হলুদের তৈল আহরন করা হয়েছে যা বিভিন্ন প্রসাধনী সামগ্রী তৈরীতেও বিভিন্ন প্রকার ঔষধের কাঁচামাল হিসেবে ব্যবহার করা যেতে পারে। ইহা ঐতিহাসিকভাবেই এন্টিসেপটিক। মহিলারা চামড়া ও মুখের ব্রণ ও বিশেষ করে মুখমন্ডল, স্তন কিংবা হাত-পায়ের অস্বাভাবিক লোম উঠাতে ইহা ব্যবহার করে থাকে। চামড়ার ক্ষত সারাতে, অর্থোপেডিক্স, পেশীর ব্যথা সারতে ইহা ব্যবহৃত হয়।

## 06 হারবাল মিন্ট বাম
## (Herbal Mint Balm)




মানুষের বিভিন্ন ধরণের ব্যথা এবং বাতের সমস্যার জন্য মানুষ চামড়ার উপরে বাম ব্যবহার করে থাকে। হার্বাল মিন্ট বাম আমাদের স্থানীয় প্রাকৃতিক উৎস থেকে সংগৃহীত উপাদান দিয়ে তৈরী করা হয়েছে। এটি বাহুর ব্যথা, কপালের ব্যথা ও ম্যাসেজ থেরাপী হিসেবে শরীরের বাইরের অংশে ব্যবহার করা হয়।

## 07 স্লো রিলেজিং সার
## (Slow Releasing Fertilizer)



ইহা ব্যবহারে নার্সারী গাছের অধিক বৃদ্ধি হয়। ১ থেকে ২ বছরের মধ্যে উদ্ভিদ সুষম পুষ্টি পায় ধীরে ধীরে। ইহা পরিবেশের বিষাক্ততা প্রতিরোধ করে। তাই ইহা পরিবেশ বান্ধব।

## 08 কাঁচা বাঁশের ক্যান্ডি
## (Bamboo Shoot Candy)



বর্ষায় পার্বত্য অঞ্চলসহ সমগ্র বাংলাদেশে প্রচুর বাঁশের মুকুল জন্মায় যার অধিকাংশই কৃষকেরা বাঁশের সুষম বৃদ্ধির জন্য ছেঁটে দেয়। এই ছেঁটে দেয়া বাঁশের মুকুল থেকেই তৈরী করা হয়েছে কাঁচা বাঁশের ক্যান্ডি।

09 ## ফ্রুটি পেপে
## (Fruity Papaya)



পেঁপে ফল ও সবজি হিসেবে খুবই জনপ্রিয়। রাতকানা রোগ, কোষ্ঠকাটিন্য, উচ্চ কোলেস্টেরলসহ নানারকম শারীরিক অসুস্থতার প্রতিরোধক হিসেবে গণ্য করা হয়।

10 ## স্টেভিয়া সুইটনার
## (Stevia Product as Sweetener)




*Stevia rebaudiana* Bertoni একটি অতি মূল্যবান ঔষধি গাছ যাহার পাতাকে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে তৈরী করা হয়েছে STEVIA SWEETENER যাহা মিষ্টি জাতীয় খাবার তৈরীতে চিনি বা গুড়ের পরিবর্তে ব্যবহার করা যাবে। ডায়াবেটিক রোগীরা চিনি খেতে পারেন না। ডায়াবেটিক রোগীসহ সকলের জন্য ইহা খুবই উপকারী। চিনির বিকল্প হিসেবে প্রাকৃতিক উপাদান হতে তৈরী এ প্রোডাক্টটি চিনির চেয়ে প্রায় ১০ থেকে ১২ গুন বেশী মিষ্টি।

11 ## ইন্সট্যান্ট স্টেভিয়া চা
## (Instant Stevia Tea)




স্টেভিয়া গাছের পাতা প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে **Instant Stevia Tea** প্রস্তুত করা হয়েছে। উদ্ভাবিত পণ্যটিতে চিনি মিশানোর কোন প্রয়োজন নেই। কারণ ইহাতে প্রাকৃতিক উৎস থেকে আহরিত স্টেভিয়া পাতা ব্যবহার করা হয়েছে যা চিনির চেয়ে প্রায় ১০-১৫ গুন বেশি মিষ্টিগুণসমৃদ্ধ এবং ক্যালরিবিহীন। ডায়াবেটিক রোগীরা চিনি খেতে পারেন না, তাই ইহা তাঁদের জন্য খুবই উপকারী ভূমিকা পালন করবে। ডায়াবেটিক রোগীসহ সকলেই চা হিসেবে ইহা পান করতে পারবেন।

12 **দানাদার মেন্থল**
**(Menthol Crystal)**

জাপানী পুদিনার সুগন্ধি তৈল হতে প্রক্রিয়ায় মেন্থল আহরন করা হয়েছে। ইহা বিভিন্ন ঔষধ ও প্রসাধনী শিল্পে ব্যবহৃত হয়ে থাকে। এছাড়া টুথপেষ্ট, ইনহেলার, ক্যান্ডি, বাম প্রভৃতিতে ব্যাপকভাবে ইহার ব্যবহার রয়েছে। এটি দেখতে স্বচ্ছ দানাদার।



13 **হার্বাল হেয়ার ক্রীম**
**(Herbal Hair Cream)**

চুলের কারণে মানুষের সৌন্দর্য অনেকাংশে নির্ভর করে। বিভিন্ন কারণে অপরিণত বয়সে চুল পড়ে যায়, রং নষ্ট হয়ে যায় এবং খুশকি দেখা দেয়। হার্বাল হেয়ার ক্রীম দেশীয় ভেষজ উদ্ভিদের নির্যাস সহযোগে তৈরি করা হয়েছে। এটি ব্যবহারে চুল পড়া বন্ধ হয় এবং চুল চক্চকে ও কালচে হয়।



14 **হলুদের ভেষজ সাবান**
**(Herbal Turmeric Soap)**

বিভিন্ন ভেষজ উপাদান সহযোগে তৈরীকৃত সাবান উন্নত বিশ্বে বেশ সমাদৃত। হলুদ একটি অতি পরিচিত মসল্লা, যাহার প্রচুর ভেষজ গুণাবলী রয়েছে। হলুদকে প্রক্রিয়াজাত করণের মাধ্যমে বিভিন্ন উপাদানের সংমিশ্রনে হলুদের ভেষজ সাবান তৈরী করা হয়েছে। এটি ব্যবহারে ত্বক সুস্থ ও সুন্দর থাকে।




15 **চুলের ভেষজ ক্রীম**
**(Herbal Hair Tonic)**

প্রাকৃতিক ভেষজ উপাদানে তৈরী এ টনিক চুলকে পুষ্ট ও উজ্জ্বল এবং আকর্ষণীয় করে তোলে। এটি চুল পড়া বন্ধ করে এবং চুলকে কালো করে। এ পণ্যটি জেসন ন্যাচারাল প্রোডাক্টস লিঃ জয়া হার্বাল হেয়ার অয়েল নামে বাজারজাত করেছে।



16 **হার্বাল মশকুইটো রিপিলেন্ট ক্রিম**

**(Herbal Mosquito Repellent Cream)**




মশার উপদ্রব হইতে মানুষকে রক্ষা করার জন্য বিভিন্ন ভেষজ উদ্ভিদের Essential oil এবং অন্যান্য রাসায়নিক উপাদান হতে **হার্বাল মশকুইটো রিপিলেন্ট ক্রিম** প্রস্তুত করা হয়েছে। শরীরের বাহ্যিক অংশে ইহা ব্যবহার করলে মশার আক্রমন হতে রক্ষা পাওয়া যায়।

18 **হার্বাল মশকুইটো রিপিলেন্ট রিফিল**

**(Herbal Mosquito Repellent Refill)**



মশার কারনে মানুষের প্রতিনিয়ত স্বাভাবিক জীবন যাপন ব্যহত হচ্ছে। তাই মশার উপদ্রব হইতে মানুষকে রক্ষা করার জন্য বিভিন্ন গাছের অত্যাবশ্যকীয় তৈল হতে মশা তাড়ানোর রিফিল প্রস্তুত করা হয়েছে। এ রিফিল হতে নির্গত সুগন্ধি মশাকে তাড়াতে সাহায্য করে। এটি একটি হার্বাল রিফিল যা ব্যবহারে পরিবেশ এবং মানব দেহের কোন ক্ষতি হয়না।

19 **পামারোজা তৈল**

**(Palmarosa Oil)**




*Cymbopogon martinii* নামক ভেষজ উদ্ভিদের পাতা হতে সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতিতে PALMAROSA OIL প্রস্তুত করা হয়েছে। বিভিন্ন প্রকার প্রসাধণী সামগ্রী প্রস্তুতিতে এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানীতে ঔষধ প্রস্তুত করতে কাঁচামাল হিসেবে ইহা ব্যবহৃত হয় ।

20 ওসিমাস ক্লোসিমাম তৈল

**(Ocimum clocimum Oil)**

*Ocimum clocimum* নামক ভেষজ উদ্ভিদের পাতা হতে সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতিতে OCIMUM CLOCIUM OIL OIL প্রস্তুত করা হয়েছে। বিভিন্ন প্রকার প্রসাধণী সামগ্রী প্রস্তুতিতে এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানীতে ঔষধ প্রস্তুত করতে কাঁচামাল হিসেবে ইহা ব্যবহৃত হয় ।




21 সিম্বোপোগন ওস্মাস্টনি তৈল

**(Cymbopogon osmatonii Oil)**

*Cymbopogon Osmastoni* নামক ভেষজ উদ্ভিদের পাতা হতে সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতিতে CYMBOPOGON OSMASTONI OIL প্রস্তুত করা হয়েছে। বিভিন্ন প্রকার প্রসাধণী সামগ্রী প্রস্তুতিতে এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানীতে ঔষধ প্রস্তুত করতে কাঁচামাল হিসেবে ইহা ব্যবহৃত হয় ।



22 ল্যাম্প অয়েল অব মশকুইটো রিপিলেন্ট

**(Lamp oil of Mosquito Repellent)**

বাংলাদেশের গ্রামে গঞ্জে প্রায় শতভাগ মানুষ রাতের আঁধার দূর করতে কেরোসিনের প্রদীপ ব্যবহার করে। সেখানে মশার উপদ্রব থেকে মানুষকে রক্ষা করার জন্য বিভিন্ন গাছের অত্যাবশ্যকীয় তৈল দিয়ে কেরোসিন তৈলকে মশা তাড়ানোর repellent হিসাবে তৈরী করা হয়েছে। ইহা বাসা বাড়িতে ব্যবহার করলে মশার আক্রমন হতে রক্ষা পাওয়া যাবে। এছাড়া ম্যালেরিয়া ও ডেঙ্গুঁ নামক রোগ হতেও মানুষ রক্ষা পাবে।

